

Prime Minister Narendra Modi and Prime Minister of Mauritius Pravind Jugnauth to jointly inaugurate the new Supreme Court Building of Mauritius

July 28, 2020

মরিশাসের সর্বোচ্চ আদালতের নতুন ভবনটি মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী প্রতিবিন্দ জুগনথ যৌথভাবে উদ্বোধন করবেন

জুলাই 28, 2020

বৃহস্পতিবার জুলাই 30, 2020 মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী প্রতিবিন্দ জুগনথ মরিশাসের সর্বোচ্চ আদালতের নতুন ভবন যৌথভাবে উদ্বোধন করবেন। মরিশাসের বিচারকমন্ডলীর পদমর্যাদায় বড় সদস্যদের এবং উভয় দেশের উচ্চপদস্থ ব্যক্তিদের উপস্থিতিতে এই উদ্বোধন ভিডিও স্মেলনের মাধ্যমে হওয়ার নির্ঘন্ট ঠিক হয়েছে। ভারতের অনুদান সাহায্যে এই ভবনটি নির্মিত হয়েছে এবং কোভিডের পর এইটি রাজধানী শহর পোর্ট লুইসে ভারতের সহায়তায় নির্মিত প্রথম পরিকাঠামো প্রকল্প।

নতুন সর্বোচ্চ আদালত ভবনটির প্রকল্প বাস্তবায়িত হওয়া পাঁচটি প্রকল্পের অন্যতম যা 2016 সালে ভারতীয় সরকার মরিশাসের প্রতি 353 মিলিয়ন মার্কিন ডলারের ‘বিশেষ অর্থনৈতিক প্যাকেজ’ এর যে সহযোগিতা করেছিল তার অর্ন্তগত। প্রকল্পটি নির্ধারিত সময়ে এবং প্রত্যাশার চেয়ে কম খরচে সমাপ্ত হয়েছে। দশ তলার এই ভবনটি 4700 স্কোয়ার মিটারের বেশী জায়গা নিয়ে প্রসারিত এবং এর ‘বিল্ড আপ এরিয়া’ প্রায় 25000 স্কোয়ার মিটার। ভবনটি আধুনিক নকশা প্রদর্শন করে এবং এটি সবুজ বিস্তারের মাঝে তাপ ও শব্দ নিরোধক এবং বিদ্যুত কম খরচের উচ্চ কার্যকারিতা রয়েছে।

2019 সালের অক্টোবর মাসে মাননীয় প্রধানমন্ত্রী মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী মেট্রো এক্সপ্রেস প্রকল্পের ফেজ-1 এবং নতুন ইএনটি হাসপাতাল প্রকল্প যা কিনা বিশেষ অর্থনৈতিক প্যাকেজেরই অর্ন্তগত তা যৌথভাবে উদ্বোধন করেছিলেন। মেট্রো এক্সপ্রেস প্রকল্পের ফেজ-1 এর অর্ন্তগত 12 কিলোমিটার মেট্রো লাইনের নির্মাণ গত বছরের সেপ্টেম্বর মাসেই সমাপ্ত হয়েছে এবং ফেজ-2 এ পরিকল্পিত 14 কিলোমিটার মেট্রো লাইনের কাজ চলছে। ইএনটি হাসপাতাল প্রকল্পের মাধ্যমে ভারত মরিশাসকে 100 শয্যার প্রযুক্তিগত ভাবে উন্নত একটি ইএনটি হাসপাতাল নির্মাণে সহায়তা প্রদান করেছে।

শহরের কেন্দ্রস্থলে অবস্থিত সর্বোচ্চ আদালতের নতুন ভবনটি দুই দেশের দ্বিপাক্ষিক অংশীদারিত্ব শক্তিশালী প্রতীকের নিদর্শন হিসেবে থাকবে বলে প্রত্যাশা করা যায়।

নিউ দিল্লি

জুলাই 28, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.